প্রথম আলো

তারিখ 22 JAN 2009
পৃষ্ঠা ২০ কলাম ৩

নিকারের বৈঠক

# নতুন ৪৭৫টি উপজেলা সহকারী শিক্ষা কর্মকর্তার পদ সৃষ্টির সিদ্ধান্ত

প্রথম আলো ডেস্ক ●

সরকার নতুন ৪৭৫টি উপজেলা সহকারী শিক্ষা কর্মকর্তার পদ সৃষ্টির সিদ্ধান্ত নিয়েছে। গতকাল বুধবার সচিবালয়ের মন্ত্রিপরিষদ বিভাগে প্রশাসনিক সংস্কারবিষয়ক জাতীয় বাস্তবায়ন কমিটি—নিকারের ১০৩তম বৈঠকে এ সিদ্ধান্ত নেওয়া হয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনা এতে সভাপতিত্ব করেন। খবর বাসস ও ইউএনবির।

বৈঠক শেষে প্রধানমন্ত্রীর প্রেসসচিব আবুল কালাম আজাদ সাংবাদিকদের বলেন, প্রধানমন্ত্রী দায়িত্ব নেওয়ার পর নিকারের প্রথম বৈঠকে ১০টি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়েছে। প্রধানমন্ত্রীর নির্বাচনী প্রতিশ্রুতি অনুযায়ী প্রশাসনের ভালো সেবা নিশ্চিত করতে নতুন কয়েকটি পদ সৃষ্টিও এর মধ্যে রয়েছে। বৈঠকে ৬৪ জেলায় মুখ্য বিচারিক হাকিমের পদ সৃষ্টি, তাঁদের জন্য গাড়ি ও চালকের ব্যবস্থা এবং মহানগর হাকিমের চারটি পদ সৃষ্টির সিদ্ধান্ত নীতিগতভাবে অনুমোদিত হয়েছে। সাধারণ মানুষের দ্বারে শিক্ষার আলো ছড়িয়ে দিতে নতুন ৪৭৫টি উপজেলা সহকারী শিক্ষা কর্মকর্তার পদ সৃষ্টি করা হয়েছে। এ ছাড়া ব্রাহ্মণবাড়িয়া উপজেলার ১০টি ইউনিয়ন নিয়ে নতুন আরেকটি উপজেলা গঠনের সিদ্ধান্ত হয়েছে।

প্রেসসচিব আরও বলেন, বৈঠকে

এরপর পৃষ্ঠা ১৯ কলাম ১

## নতুন ৪৭৫টি উপজেলা

শেষ পৃষ্ঠার পর

দেশের মানুষের জন্য নিরাপদ খাদ্য নিশ্চিত করতে বাংলাদেশ স্ট্যান্ডার্ডস অ্যান্ড টেস্টিং ইনস্টিটিউটের জন্য ১১৩টি নতুন পদ সৃষ্টির সিদ্ধান্ত হয়েছে। এ ছাড়া বগুড়ার শেরপুর, মুন্সিগঞ্জের শ্রীনগর, কুমিল্লার চৌয়ারাবাজার, কক্সবাজারের পেকুয়া, ঝিনাইদহের হরিণাকুণ্ডু ও নাটোরের দিরামপুরে নতুন ছয়টি ফায়ার সার্ভিস স্টেশন নির্মাণ এবং এর জন্য ১০৮টি পদ সৃষ্টির অনুমোদন দেওয়া হয়।

বৈঠকে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত, এলজিআরডি মন্ত্রী সৈয়দ আশরাফুল ইসলাম, আইনমন্ত্রী ব্যারিস্টার শফিক আহমেদ, স্বরাষ্ট্রমন্ত্রী সাহারা খাতুন, প্রধানমন্ত্রীর উপদেষ্টারা এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিবেরা বৈঠকে উপস্থিত ছিলেন।